গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৬

তারিখ: ২ মাঘ ১৪২৮
১৬ জানুয়ারি ২০২২

বিষয়: **মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট এর রীট পিটিশন নং-১৪৭৮২/২০১৭, আপীল বিভাগ এর লিভ টু আপীল নং- ৩৯৭৩/২০১৮ ও রিভিউ পিটিশন নং-৩৭৫/২০১৯ এর রায় বাস্তবায়নে বাদীগণদের চাকুরী নিয়মিত করণ।**

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজের ০৪ (চার) জন শিক্ষক (পূর্বে বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ) দীর্ঘদিন যাবৎ (২০০৮ সাল থেকে বর্তমান) খন্ডকালনি শিক্ষক হিসেবে কর্মরত আছেন। সকল যোগ্যতা ও মেধার আলোকে পাঠ দানসহ প্রাতিষ্ঠানিক সকল কাজে অসামান্য অবদানের জন্য তৎকালীন অধ্যক্ষ মহোদয় চাকুরী স্থায়ীকরণের জন্য পদক্ষেপ নিয়েও কিছু প্রতিবন্ধকতার জন্য তা বাস্তবায়ন করতে পারেননি। গত ১৮/০৯/২০১৭ ইং তারিখে সকল মডেল স্কুল এন্ড কলেজ সরকারীকরণ এর প্রজ্ঞাপন জারী হওয়ার পূর্ব পর্যন্ত উল্লেখিত সকল প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তা কর্মচারীদের চাকুরী পরিচালনা পর্যদের সিদ্ধান্তের আলোকে স্থায়ীকরণ করা হলেও আবেদনকারীরা বঞ্চিত হন। চাকুরী স্থায়ী না হওয়ায় এবং উক্ত প্রতিষ্ঠানগুলো জাতীয়করণ করায় কর্তৃপক্ষ তাদের কিছু করণীয় নাই মর্মে জানায়।

উল্লেখ্য যে, ইতঃপূর্বে অত্র প্রতিষ্ঠানের ০৩ (তিন) জন খন্ডকালীন শিক্ষক চাকুরী স্থায়ী করার জন্য গত ২৭/০৮/২০১৪ ইং তারিখে মাহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে Writ Petition No. 10801/2014 দায়ের করে। উক্ত মামলায় গত ০৪/০২/২০১৬ ইং তারিখে তাদের পক্ষেরায় প্রদানের পর প্রতিষ্ঠান কর্তৃপক্ষ রায়টি বাস্তবায়ন করত: তাদের চাকুরী স্থায়ী করেন এবং উচ্চ আদালতে কোন আপীল করা হয়নি বা মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রায়ে “That judgment has since been acted upon and there was no appeal” বসে উল্লেখ করা হয়েছে। অতঃপর চাকুরী স্থায়ী করণের জন্য  মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১৪৭৮২/২০১৭ দায়ের করলে পূর্ণাঙ্গ শনানী শেষে ০৯/০১/২০১৮ ইং তারিখে “The respondents are hereby directed to regularize the service of the petitioners as per rule 16(8) of the service Rugulation, 2013 within 60 days from the date of receipt of the judgment ad order” রায় প্রদান করেন। উক্ত রায়প্রাপ্তির৬০ দিনের মধ্যে আমাদের চাকুরী স্থায়ী করণের নির্দেশ প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার লিভ টু আপীলনং- ৩৯৭৩/২০১৮ এবং রিভিউ পিটিশন নং- ৩৭৫/২০১৯ দায়ের করলেউক্ত পিটিশনদ্বয় যথাক্রমে ১৮/০২/২০১৯ ও ০২/১২/২০২১ ইং তারিখে আপীল বিভাগ খারিজ করে দেন।

এমতাবস্থায়, রীট পিটিশন নং- ১৪৭৮২/২০১৭, আপীল বিভাগ এর লিভ টু আপীল নং- ৩৯৭৩/২০১৮ ও রিভিউ পিচিটশন নং- ৩৭৫/২০১৯ এর রায় বাস্তবায়নের বিষয়ে জরুরিভিত্তিতে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-১-২০২২

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৬/১

তারিখ: ২ মাঘ ১৪২৮
১৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-১-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব